

# নোটিশ

বি এ এফ শাহীন কলেজ পাহাড়াকাঞ্চনপুর এর ৬ষ্ঠ থেকে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের অংশ হিসেবে বই পড়া , রচনা ও কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হবে। আগ্রহী শিক্ষার্থীগণ আগামী ১২ জুলাই ২০২০ তারিখের (অফিস চলাকালীন ) মধ্যে [bafspkp@gmail.com](mailto:bafspkp@gmail.com) ই-মেইলে পিডিএফ আকারে অথবা লিখিত হার্ডকপি কলেজ গার্ডরুমে জমা দিতে পারবে।

উক্ত প্রতিযোগিতা আয়োজনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নিয়ম অনুসরণ করা যেতে পারে:

ক। **বই পড়া**। ষষ্ঠ হতে একাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য শ্রেণিভিত্তিক 'বঙ্গবন্ধুর জীবন ও কর্ম'-এর উপর রচিত বই পড়া প্রতিযোগিতা আয়োজন করতে হবে। নির্ধারিত বই পড়ার পর ছাত্র-ছাত্রীরা পঠিত বই-এর অনধিক এক পৃষ্ঠার সার-সংক্ষেপ অনলাইনে জমা দিবে। স্ব স্ব কলেজ কর্তৃক শ্রেণিভিত্তিক সার-সংক্ষেপ মূল্যায়নের পর ১ম, ২য় এবং ৩য় স্থান নির্ধারণ করতঃ পুরস্কার প্রদানের ব্যবস্থা করতে হবে।

খ। **রচনা প্রতিযোগিতা**। নিম্নবর্ণিত দুইটি গ্রুপে 'বঙ্গবন্ধুর জীবন ও কর্ম'-এর উপর রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে:

গ্রুপ	শ্রেণি	রচনার শব্দ সংখ্যা
ক গ্রুপ	৯ম হতে একাদশ শ্রেণি	১০০০ শব্দের মধ্যে
খ গ্রুপ	৬ষ্ঠ হতে ৮ম শ্রেণি	৬০০ শব্দের মধ্যে

ছাত্র-ছাত্রীরা নির্ধারিত রচনা অনলাইনে জমা দিবে। জমাকৃত গ্রুপভিত্তিক রচনা স্ব স্ব কলেজ কর্তৃক মূল্যায়নের পর ১ম, ২য় এবং ৩য় স্থান নির্ধারণ করতঃ পুরস্কার প্রদানের ব্যবস্থা করতে হবে।

গ। **কুইজ**। ষষ্ঠ হতে একাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের মধ্যে অনলাইনে ১৮ জুলাই ২০২০ তারিখে ১১০০ ঘটিকা হতে ১১৩০ ঘটিকার মধ্যে কুইজ প্রতিযোগিতার আয়োজন করতে হবে। কুইজের প্রশ্ন বিমান সদর (শিক্ষা পরিদপ্তর) হতে সরবরাহ করা হবে। স্ব স্ব কলেজ কর্তৃক শ্রেণিভিত্তিক মূল্যায়নের পর ১ম, ২য় এবং ৩য় স্থান নির্ধারণ করতঃ পুরস্কার প্রদানের ব্যবস্থা করতে হবে।